



স্মারক নং: এনসিটিবি/অর্থ/১০০৪/২০১৭/০১

তারিখ: ০৭/১০/২০১৮

বিষয় : ২০১৯ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে পৌছানোর পরিবহন ব্যয় সংক্রান্ত অর্থ পরিশোধের জন্য ব্যাংক হিসাব এর তথ্য প্রদান ও পাঠ্যপুস্তক গ্রহণের চালান আপলোড সংক্রান্ত।

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ শিক্ষাবর্ষের মাধ্যমিক, দাখিল, ইবতেদায়ী ও কারিগরী স্তরের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক মুদ্রণকৃত বিনামূল্যের পাঠ্যপুস্তক জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রেরিত চাহিদা অনুযায়ী বিতরণের কার্যক্রম শুরু হয়েছে। পাঠ্যপুস্তকসমূহ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দপ্তর থেকে তাঁর আওতাধীন এলাকার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পৌছানোর জন্য পরিবহন ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহের অর্থ অনলাইনে প্রেরণের লক্ষ্যে ব্যাংক হিসাব সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি (চেক বহির কভার পৃষ্ঠার ফটোকপিসহ) নিম্নের ছক অনুযায়ী আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক) ব্যাংক হিসাবের নাম : বাংলায় :

ইংরেজিতে :

(অবশ্যই দাপ্তরিক চলতি হিসাব নম্বরের নাম হতে হবে,
উদাহরণ: জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

খ) হিসাব নম্বর :

গ) ব্যাংকের নাম : সোনালী ব্যাংক লিমিটেড
(আবশ্যিকভাবে সোনালী ব্যাংক লিমিটেড হতে হবে)

ঘ) শাখার নাম :

ঙ) Routing No. :

চ) জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল :

২। ইতোপূর্বে প্রেরিত এনসিটিবি'র স্মারক নং ৩৭.০৬.০০০০.৩০৩.৯৯৫.১৮/১৫০২ তারিখ: ১৩/০৯/২০১৮ এর মাধ্যমে মুদ্রণ প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পাঠ্যপুস্তক প্রাপ্তির/গ্রহণের সাথে সাথে সংশ্লিষ্ট চালানের Scan কপি আবশ্যিকভাবে www.textbook.gov.bd ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।



(মির্জা তারিক হিকমত)

যুগ্ম সচিব

ও

সদস্য (অর্থ)

ফোন : ৯৫৫৫২৪৮

১। জেলা শিক্ষা অফিসার (সকল)

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। প্রোগ্রামার, এনসিটিবি (ওয়েবসাইটে আপলোড এর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩। সদস্য (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এনসিটিবি।

৪। সংরক্ষণ নথি।